



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৮.১১৯

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ।  
০৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ** বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে ফলোআপ সভা বিগত ০৬ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

*(Signature)*  
০৭.০৬.১৮

মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃপ্রোগ্রাম/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ(রেজি নং বি-১৯০৩), সিবিএ, কৃষি ভবন, ঢাকা।
১৭. ....
১৮. ....



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস” যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে ফলোআপ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	০৬ আগস্ট ২০১৮; সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিগত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচির ওপর অগ্রগতি বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।


ক্রঃ নং	বিগত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
০১.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বিএডিসি'র অধীনস্থ সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলন করা। জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার হেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না এবং মানসম্পন্ন কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার যথাসময়ে ও যথানিয়মে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলনের নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার যথাসময়ে ও যথানিয়মে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলনের জন্য মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে।	সাধারণ পরিচর্যা বিভাগ সকল অফিস প্রধান, সকল প্রধান শিক্ষক।
০২.	বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আগস্ট ২০১৮ মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের সকল বিভাগ/দপ্তরে কালো ব্যাজ সরবরাহ করা হয়েছে। বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করছেন। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আগস্ট ২০১৮ মাসব্যাপী কালো ব্যাজ ধারণ এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।	সাধারণ পরিচর্যা বিভাগ সকল অফিস প্রধান।
০৩.	জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার কৃষি ভবনস্থ মসজিদে বাদ যোহর বিশেষ	সভায় যুগ্মসচিব (সাঃ পরিঃ) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার কৃষি ভবনের মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ ও সকল অফিস প্রধান।

ক্রঃ নং	বিগত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রভুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
	মোনাজাত এবং বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ের মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা।	এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, এ বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	
০৪.	জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা।	সভায় যুগ্মসচিব (নিওক) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, কর্মকর্তা ও কর্মচারীদের সকাল ১১:০০ ঘটিকায় কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য অবহিত করা হয়েছে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ ও সমন্বয় বিভাগ।
০৫.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত কর্মসূচিতে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি আবশ্যিকভাবে অবহিত করবেন।	সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, বিএডিসি'র মাঠ পর্যায়ে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	সংশ্লিষ্ট সকল বিভাগ সকল অফিস প্রধান।
০৬.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করা। ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার আয়োজন করা।	সভায় যুগ্মসচিব (নিওক) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন এর বিষয়ে সকল প্রধান শিক্ষককে অবহিত করা হয়েছে।	সংশ্লিষ্ট বিভাগ, সকল প্রধান শিক্ষক।
০৭.	সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করা।	সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।	সকল বিভাগ/দপ্তর প্রধান।
০৮.	জাতীয় শোক দিবস উপলক্ষে প্রভুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ সকল উইং,বিভাগ, দপ্তর ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা এবং গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ Kiosk এ প্রদর্শন করা।	সভায় বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানগণ জানান যে, জাতীয় শোক দিবস উপলক্ষে প্রভুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ সকল উইং,বিভাগ, দপ্তর ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা হয়েছে। জনসংযোগ কর্মকর্তা সভায় জানান যে, প্রভুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ	সকল উইং,বিভাগ ও দপ্তর প্রধান/ জনসংযোগ বিভাগ।

ক্রঃ নং	বিগত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত কর্মসূচি	অগ্রগতি	কর্মসূচি বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর।
	করা।	যে, প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত/কর্মসূচিসমূহ Kiosk এ প্রদর্শন করা হয়েছে।	
০৯.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সদর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত যানবাহনে যাতায়াতের ব্যবস্থা করা।	সভায় যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার সদর দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত যানবাহনে যাতায়াতের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১০.	জাতীয় শোক দিবস উপলক্ষে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ করা। সে উপলক্ষে আগ্রহীদের নিকট থেকে আগামী ১০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে লেখা সংগ্রহ করা।	সভায় জনসংযোগ কর্মকর্তা জানান যে, জাতীয় শোক দিবস উপলক্ষে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ এর নিমিত্ত লেখা সংগ্রহের জন্য বিভিন্ন বিভাগ/দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।	জনসংযোগ বিভাগ।
১১.	আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বাদ জোহর তবারক বিতরণ করা।	সভায় যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বাদ জোহর তবারক বিতরণ করা হবে। এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১২.	কৃষি ভবনস্থ মসজিদের সাউন্ড বক্সের সাথে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ কক্ষের সাউন্ড বক্স সংযোগ দেয়া।	সভায় প্রধান প্রকৌশলী (নির্মাণ) জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখের পূর্বেই কৃষি ভবনস্থ মসজিদের সাউন্ড বক্সের সাথে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ কক্ষের সাউন্ড বক্স সংযোগ দেয়া হবে।	নির্মাণ বিভাগ।
১৩.	জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা।	সভায় মহাব্যবস্থাপক (অর্থ) জানান যে, জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ/মঞ্জুরী প্রদান করা হবে।	অর্থ বিভাগ।

০২. সভাপতি জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত গৃহীত প্রস্তুতির জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং আগামী ১৫ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য সভাপতি বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে অনুরোধ জানান।

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ নাসিরুজ্জামান  
চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

জাতীয় শোক দিবস ২০১৮ পালনের  
ফলোআপ সভা।